# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-08-2026** **Time: 1.40 P.M.**

ইতিহাসকে সাক্ষী রেখে আকাশবাণী কলকাতা আজ শতবর্ষে পদার্পন করলো। এই ১-শো বছরে আকাশবাণী সংবাদ ও অনুষ্ঠানের উপস্থাপনায় ঐতিহ্য ও সাংস্কৃতিক মর্যাদা বজায় রেখেই ঘটেছে বিভিন্ন বিবর্তন। দীর্ঘ পথ চলার স্মৃতি বহন করছে ঐতিহ্যবাহী এই প্রতিষ্ঠান। বাঙালীর আবেগে ও মননে সকাল থেকে রাত পর্যন্ত জড়িয়ে রয়েছে আকাশবাণী কলকাতা।

বিভিন্ন বেসরকারি চ্যানেলে ও পোর্টালের রমরমার যুগেও আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ আজও স্বকীয়তা বহণ করে চলেছে বলে সংবাদবিভাগের প্রাক্তন বরিষ্ঠ আধিকারিক শঙ্কর দাশগুপ্ত জানালেন ।

(বাইট – শঙ্কর দাশগুপ্ত)

আর এক প্রাক্তন বরিষ্ঠ আধিকারিক শান্তনু পালোধির মতে সমাজের সকলের কাছে সহজ, সরল ভাষায় বস্তু নিষ্ঠ খবর পৌঁছে দেওয়াই আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের উদ্দেশ্য।

(বাইট – শান্তনু পালোধি)

দিনটি উপলক্ষে সাজিয়ে তোলা হয়েছে কলকাতার আকাশবাণী ভবন। দিনভর আয়োজন করা হয়েছে একাধিক বিশেষ অনুষ্ঠানের ।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আকাশবাণী কলকাতার শতবর্ষ পূর্তিতে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি বলেন,

এই ১-শো বছরে আকাশবাণী সংবাদ, সংস্কৃতি ও সৃজনশীলতার অনন্য বার্তা মানুষের ঘরে ঘরে পৌঁছে দিয়েছে। ঐতিহাসিক এই মাইলফলকে আকাশবাণী কলকাতার সঙ্গে যুক্ত সব প্রাক্তন ও বর্তমান শিল্পী, কর্মী,ঘোষক,কলাকুশলী এবং শ্রোতাদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতার ১০০ বছরে নানান বিবর্তন ঘটেছে আকাশবাণীর সংবাদেরও। কেমন ছিল শুরুর দিনগুলো, পরিবর্তিত হতে থাকা সংবাদের রূপ- এইসব নিয়েই নিজেদের অভিজ্ঞতা বিনিময় করেছেন আকাশবাণী কলকাতার সংবাদের বিভিন্ন বিভাগের পুরোধায় থাকা তিন প্রাক্তন বরিষ্ঠ আধিকারিক - শঙ্কর দাশগুপ্ত, শান্তনু পালোধি এবং সুনীত চক্রবর্তী। অনুষ্ঠানটির সঞ্চালনায় সন্দীপঃন দাশগুপ্ত।

সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটি শোনা যাবে দুটি ভাগে। প্রথম পর্ব সম্প্রচারিত হবে আজ রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH বাংলা পরিষেবায়। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও তা শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

চিরাচরিত ধর্মীয় আবেগে আজ ঈদ-এ-মিলাদ-উন-নবী উদযাপিত হচ্ছে। ইসলাম ধর্মের শেষ নবী হজরত মুহাম্মদের জন্ম বার্ষিকীর স্মরণে পবিত্র এই দিনটি ইসলাম ধর্মাবলম্বীরা আড়ম্বরের সঙ্গে বড় উৎসব হিসেবে পালন করেন। বিশেষ প্রার্থনার মধ্য দিয়ে নবীর প্রতি গভীর শ্রদ্ধা ও ভালোবাসা জ্ঞাপন করা হচ্ছে।

এই উপলক্ষে খাদ্য ও দান সামগ্রী বিতরণেরও ব্যবস্থা করা হয়েছে বিভিন্ন জায়গায়। মুর্শিদাবাদের বিভিন্ন প্রান্তে আজ নবী দিবস কে ইদ-এ-মিলাদ-উন-নবি হিসেবে উদযাপন করা হচ্ছে। স্মরণ করা হচ্ছে পয়গম্বর হযরত মুহাম্মদকে। তাঁর স্মৃতিতে একাধিক শোভাযাত্রার আয়োজন করা হয়েছে, হাজার হাজার মানুষ তাতে সামিল হয়েছেন। জেলার হরিহরপাড়া, ইসলামপুর, রঘুনাথগঞ্জ, উমরপুর, সুতি, লালগোলায় ভারতের জাতীয়

পতাকা হাতে শোভাযাত্রার আয়োজন করা হয়। একাধিক ক্লাব ও ধর্মীয়সংগঠন দুস্থ: ও নিম্নবিত্তদের মধ্যে চাল ডাল খাদ্যসামগ্রী বিতরণ করেন। ইমাম মোয়াজ্জিন অ্যাসোসিয়েশনও খাদ্য সামগ্রী ও ফলমূল বিতরণ করেন। জেলার অন্য প্রান্তে নিজ নিজ বাড়িতে নবিজির উদ্দেশ্যে রোজা রাখার মাধ্যমে বিশেষ প্রার্থনা ও নামাযে সামিল হন বিশ্বাসীরা।

মালদায় ইসলাম ধর্মাবলম্বী মানুষ এই উপলক্ষে রোজার উপবাস করে বিশেষ নামাজ পাঠ করেন। পবিত্র ধর্মগ্রন্থ কোরান পঠ করা হয় বিভিন্ন মসজিদে। নতুস পোশাকে সজ্জিত হয়ে আবাল-বৃদ্ধবনিত মসজিদে সমবেত হন। এই উপলক্ষে ইংলিশ বাজারের বিবি গ্রাম জামে মসজিদ, সাতটারি,পুরাতন মালদা থেকে মিছিল বের হয়ে গোটা শহর পরিক্রমা করে।

বিশ্বনবী দিবস উপলক্ষে হুগলীর ডানকুনি ও চন্দননগরের উর্দিবাজার, ফুরফুরাশরিফ, চন্ডীতলা, জাঙ্গিপাড়া ও আরামবাগে বিশেষ শোভাযাত্রা বের করা হয়।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঈদে-মিলাদ-উন-নবী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

<u>ooooooooooooooooooooo</u>

মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে একই দিনে ১০টি নবজাতকের মৃত্যুর ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে পূর্ণাঙ্গ রিপোর্ট তলব করেছে স্বাস্থ্যভবন।

অগাস্ট মাসের দ্বিতীয় সপ্তাহে এই ঘটনার কথা স্বীকার করেছে মালদা মেডিকেল কলেজ কর্তৃপক্ষ। শ্বাসকষ্ট, জন্ডিস অথবা হার্টের সমস্যার কারণেই তাদের মৃত্যু হয়।

সুপার প্রসেনজিৎ বর জানিয়েছেন, ওই ১০-টি শিশুর মধ্যে মাত্র দু-টির জন্ম হয়েছিল তাদের হাসপাতালে। বাকিদের আশঙ্কাজনক অবস্থায় অন্য হাসপাতাল থেকে মালদা মেডিকেলে রেফার করা হয়েছিল। সুপার আরও জানান, প্রাথমিক রিপোর্ট তারা পাঠিয়ে দিয়েছেন। পূর্ণাঙ্গ রিপোর্টও শীঘ্রই পাঠিয়ে দেওয়া হবে।

ooooooooooooooooooooo

দীঘার উপর দিয়ে সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং অন্য একটি নিম্নচাপ অক্ষরেখার কারণে
পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় আজ বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকা এবং দক্ষিণবঙ্গের অন্যান্য জেলাতেও আজ বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি এবং কোথাও কোথাও স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে বৃষ্টি হতে পারে বলে আবহাওয়া বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

( বাইট – সৌরিশ)

বৃষ্টির পরিমাণ আগামীকাল থেকে কিছুটা কমলেও সপ্তাহান্তে আবার তা বাড়বে বলে তিনি জানিয়েছেন। উত্তরবঙ্গে  হিমালয়ের সন্নিহিত জেলাগুলিতে আজ বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

কলকাতা, দুই 24 পরগনা  সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ইতিমধ্যে দফায় দফায় বৃষ্টিতে প্রবল যানজট তৈরি হয়েছে।

পুরুলিয়ার মানবাজারে  চল্লার মোড়ের কাছে বৃষ্টিতে গাছ পড়ে রাজ্য সড়ক সম্পূর্ণ অবরুদ্ধ। বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে গাছ কাটার কাজ শুরু হয়েছে।

oooooooooooooooooooo

কলকাতা আন্তর্জাতিক বই মেলার এবার যৌথ উদ্যোগে আয়োজন করা হবে। নবান্নে এমাসের ১৭ ও ২১ তারিখে আয়োজিত বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। সুষ্ঠুভাবে বই মেলার সুবর্ণজয়ন্তী উদযাপন করতে ২৪ সদস্যের একটি পরামর্শদাতা কমিটি গঠন করা হয়েছে। যেখানে ন্যাশনাল বুক ট্রাস্ট, রামকৃষ্ণ মিশন, ভারত

সেবাশ্রম সংঘ, পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ড, পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র ও রামমোহন লাইব্রেরীর মত বেশকিছু সংগঠনের প্রতিনিধিরা আছেন এই কমিটিতে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo